

নাট্যকলা বিভাগের ৪র্থ বর্ষ ১ম সেমিস্টারের শিক্ষার্থীদের কোর্সের গবেষণা কর্ম শেষে উপাচার্যের সাথে সৌজন্য সাক্ষাত



২৪ সেপ্টেম্বর, ২০১৮- সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের ৪র্থ বর্ষ ১ম সেমিস্টারের শিক্ষার্থী এবং শিক্ষকবৃন্দ কোর্সের গবেষণা কর্ম শেষে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমানের সাথে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাত করেন। উল্লেখ্য নাট্যকলা বিভাগের ৪র্থ বর্ষ ১ম সেমিস্টারের 'নৃগোষ্ঠী গীতরঙ্গ' কোর্সে র ক্ষেত্রসীমার জন্য ২০ জন শিক্ষার্থীকে বিভাগের ৫ জন শিক্ষকের সার্বিক তত্ত্বাবধানে গত (২০-২২) সেপ্টেম্বর পর্যন্ত নেত্রকোনা জেলার বিরিশিরি ও কলমাকান্দার মান্দি জনগোষ্ঠীর সঙ্গে কর্মসূচি গ্রহন করা হয়েছিল এবং মাঠপর্যায়ের গবেষণা সফলভাবে সম্পন্ন হয়েছে।